দৈনিক বাংলা

তারিখ ... 5/5/83 ...
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 1 ...

014

# ছাত্রীদের হোস্টেল সমস্যা

ফরিদপুর সরকারী সারদা সুন্দরী মহিলা কলেজের ছাত্রীরা তাদের কলেজের সমস্যাবলী নির্ণয়ের জন্যে একটা জরীপ কাজ সম্পন্ন করেছেন। এই জরীপে দেখা গেছে, শতকরা ৮১ জন ছাত্রী হোস্টেল সমস্যাকেই প্রধান সমস্যা বলে মনে করে।

ছাত্রীদের হোস্টেল সমস্যা সত্যিই উদ্বেগজনক, এসএসসি পাস করে জেলার বিভিন্ন এলাকা থেকে ছাত্রীরা কলেজে পড়ার জন্যে শহরে আসে। তাদের থাকার জায়গা একান্ত জরুরী। থাকার নির্ভরযোগ্য জায়গা না থাকলে বিশেষ করে ছাত্রীদের পক্ষে লেখাপড়া চালানোই মুশকিল হয়ে পড়ে। হোস্টেলের সিটের অভাব অনেকেরই পড়া ছেড়ে দেবার কারণ হয়েছে। এ অবস্থা নারী শিক্ষা প্রসারের পরিকল্পনা বাস্তবায়নের পথে মস্ত বড় বাধা।

দেশে নারীশিক্ষা সংক্রান্ত প্রচার আংশিকভাবে সফল হয়েছে বলতে হবে। এখন গ্রামে-গঞ্জেও অনেক মেয়ে শিক্ষা সম্পর্কে আগ্রহী হয়ে উঠেছে। অনেক পথ হেঁটে তারা স্কুলে যাওয়া আসা করে। কিন্তু অধিকাংশ গ্রামেই মেয়েদের জন্যে হাইস্কুল বা কলেজ নেই। শিক্ষায় আগ্রহী মেয়েরা তাই আশপাশে শহরে যায় লেখাপড়া করার জন্যে। কিন্তু হোস্টেল না থাকলে অথবা হোস্টেলে পর্যাপ্ত সিট না থাকলে তাদের ইচ্ছা পূরণ হয় না। পড়া বন্ধ হয়।

হোস্টেল সমস্যাকে আমাদের দেশের শিক্ষাঙ্গনের প্রায় সর্বজনীন সমস্যাই বলতে হবে। ছোট শহর, বড় শহর, রাজধানী সবখানেই এ সমস্যা আছে। কলেজ, বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল কলেজ ইত্যাদি সব শিক্ষা প্রতিষ্ঠানেও। ছাত্রছাত্রী সবার জন্যেই এ অবস্থা অসুবিধাজনক—ছাত্রীদের জন্যে বিশেষভাবে অসুবিধাজনক। আমাদের সামাজিক পরিস্থিতিতে যে-কোন জায়গায় থেকে ছাত্রীদের পক্ষে লেখাপড়া চালানো সম্ভব নয়।

শিক্ষা ব্যবস্থার বিভিন্ন সংস্কারের কথা চিন্তা-ভাবনা করা হচ্ছে। আমরা মনে করি, এই সঙ্গে এই হোস্টেল সমস্যার একটি নির্ভরযোগ্য সমাধান খোঁজা দরকার। এ ব্যাপারে উদ্যোগ নেয়াও জরুরী।